

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেতাগী, বরগুনা।
http://betagi.barguna.gov.bd

স্মারক নং- ০৫.১০.০৪৪৭.০০২.০০.১৫১.১৫- ৪৮

তারিখ: ১৯.০১.২০১৭ খ্রি:।

গণবিজ্ঞপ্তি

এই মর্মে গণবিজ্ঞপ্তি জারী করা যাচ্ছে যে, ইতো পূর্বে যে সকল মুক্তিযোদ্ধা তালিকাভুক্তির জন্য অনলাইনে এবং নির্ধারিত সময়ের (৩১/১০/২০১৪ খ্রি.) মধ্যে সরাসরি জামুকায় আবেদন করেছেন; লাল তালিকায় অন্তর্ভুক্ত কিন্তু যার বিরুদ্ধে অভিযোগ রয়েছে; ভারতীয় তালিকা বা লাল মুক্তিবার্তা তালিকাভয়ের বাইরে শুধুমাত্র গেজেটভুক্ত/তালিকাভুক্ত/সরকারি চাকুরি গ্রহণের সময় ঘোষণা প্রদানকৃত/শুধুমাত্র সাময়িক সনদপ্রাপ্ত এবং তালিকাভয়ের বাইরে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল (মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধিত্ব) কর্তৃক প্রদত্ত সনদপ্রাপ্ত সম্মানিত মুক্তিযোদ্ধাগণের যাচাই বাছাই কার্যক্রম আগামী ২৮/০১/২০১৭ খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে উপজেলা পরিষদ অডিটরিয়াম, বেতাগী, বরগুনায় অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত তারিখে সকল প্রমাণক এবং ওয়েব সাইটে (www.jamuka.gov.bd) প্রকাশিত ফরম পূরণ পূর্বক কমিটির নিকট উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। ব্যক্তিগতভাবে সকলকে নোটিশ দেওয়া হয়নি বলে এই গণবিজ্ঞপ্তির মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো। যাচাই বাছাই আওতাভুক্ত কোন মুক্তিযোদ্ধা/আবেদনকারী/প্রতিনিধি নির্ধারিত তারিখে অনুপস্থিত থাকলেও যাচাই বাছাই কমিটির ফলাফল চূড়ান্ত হিসাবে গণ্য হবে।

মহাপরিচালক
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, ঢাকা ঐর
পক্ষে

(এম,এম,মাহমুদুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার

ও
সদস্য সচিব
মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটি
বেতাগী, বরগুনা।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মাননীয় সংসদ সদস্য ১১০-বরগুনা ২।
- ২। জেলা প্রশাসক, বরগুনা।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেতাগী, বরগুনা।
- ৪। অফিসার ইন চার্জ, বেতাগী থানা।
- ৫। কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, বরগুনা।
- ৬। কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, বেতাগী, বরগুনা (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য)
- ৭। চেয়ারম্যান..... ইউপি (সকল) বেতাগী, বরগুনা (ব্যাপক প্রচারের জন্য)
- ৮। উপজেলা টেকনিশিয়ান, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বেতাগী, বরগুনা (উপজেলা ওয়েব পোর্টাল ও ফেইসবুকে প্রকাশের জন্য)
- ৯। উদ্যোক্তা ইউডিসি..... বেতাগী, বরগুনা (সকল) (উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশের জন্য)
- ১০। জনাব.....।